গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কেন্দ্রীয় তহবিল থেকে এ পর্যন্ত শতভাগ রপ্তানীমুখী গার্মেন্টস কারখানায় কর্মরত শ্রমিকদের মধ্য হতে ৪০৭৯ জন মৃত শ্রমিক এবং তাদের পরিবারবর্গকে সর্বমোট ৮১,১৯,৫০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। অসুস্থ শ্রমিকদের চিকিৎসা সহায়তা হিসেবে মোট ১৮৭৭ জন কে ৫,৩৬,৯০,০০০/- টাকা, এবং শ্রমিকদের মেধাবী সন্তানকে শিক্ষাবৃত্তি হিসেবে মোট ৬৯৮ জন কে ১,৩৯,৬০,০০০ /- টাকা প্রদান করা হয়েছে। কেন্দ্রীয় তহবিলের একটি নিজস্ব ওয়েবসাইট (www.centralfund.gov.bd) তৈরি করা হয়েছে এবং ওয়েবসাইটে কেন্দ্রীয় তহবিল সম্পর্কে সকল তথ্য প্রদান করা হচ্ছে । ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থ বছরে কেন্দ্রীয় তহবিলে সর্বমোট ১৬৮,৯০,৪৯,০৯৮/- টাকা জমা হয়েছে এবং ৫৩,৩৭,৪৪,৩৩৩/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। কেন্দ্রীয় তহবিল হতে ২০১৮-১৯, ২০১৯-২০ এবং ২০২০-২১ সালে বন্ধ গার্মেন্টস শ্রমিকের বকেয়া মজুরি পরিশোধ বাবদ সর্বমোট ২,০৬,৯৪,৩৩৩/- টাকা প্রদান করা হয়েছে। বাংলাদেশ শ্রম আইন (২০০৬) সর্বশেষ সংশোধনী-২০১৮ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ অনুযায়ী শতভাগ রপ্তানিমুখী শিল্প সেক্টরের আওতায় যে সকল প্রতিষ্ঠানের লভ্যাংশ কেন্দ্রীয় তহবিলে জমা দেওয়ার কথা তাদের সকলের অংশগ্রহন নিশ্চিত করা। শতভাগ রপ্তানিমুখী শ্রমিকদের তথ্য সংগ্রহ করা এবং কারখানার ডাটাবেজ তৈরি করা।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যা সমূহঃ
১। দপ্তরের জায়গা সংকট।
২। অপর্যাপ্ত প্রশিক্ষণ।
৩। দপ্তরে টয়লেটসহ আনুষ্ঠানিক সুবিধা না থাকা।
৪। বিদেশী প্রশিক্ষনের ব্যবস্থা নেই।
চ্যালেঞ্জসমূহঃ
১। দেশের প্রত্যন্ত অঞ্চল সহ সকল আরএমজিতে কর্মরত শ্রমিক গোষ্ঠীকে কেন্দ্রীয় তহবিল-এর সেবা
সর্ম্পকে অবহিত করা।
২। কেন্দ্রীয় তহবিল আইনের আওতায় যে সকল প্রতিষ্ঠানের লভ্যাংশ কেন্দ্রীয় তহবিলে জমা দেয়ার কথা তাদের সকলের অংশ গ্রহন নিশ্চিত করা।
৩। অন-লাইন –এ আবেদন যথাযথ কর্তৃ পক্ষেরে মাধ্যমে সংগ্রহ করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

১। যথাসম্ভব সকল রপ্তানীমুখী গার্মেন্টস শিল্প শ্রমিক ও শ্রমিকের পরিবারকে কেন্দ্রীয় তহবিলের সেবার আওতায় আনা।
২। কেন্দ্রীয় তহবিলের অর্থায়নে দেশের গার্মেন্টস শিল্প শ্রমিক ও শ্রমিকের পরিবারের চিকিৎসাসেবার পরিধি বৃদ্ধি করার লক্ষ্যে হাসপাতাল প্রতিষ্ঠা করা ।
৩। আইন অনুযায়ী যে সমস্ত প্রতিষ্ঠানের কেন্দ্রীয় তহবিলে লভ্যাংশ প্রদান করার কথা তাদের সর্বোচ্চ অংশগ্রহন ও জবাবদিহিতা নিশ্চিত করা।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১। কেন্দ্রীয় তহবিলের মূলধন বৃদ্ধির লক্ষ্যে শ্রম আইন অনুযায়ী রপ্তানী মূল্যের লভ্যাংশের (০.০৩%) প্রদানের জন্য অধিক সংখ্যক প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত করা।
- ২। অধিক সংখ্যক শ্রমিক/ শ্রমিকের পরিবারকে এ সেবার আওতায় নিয়ে আসা।
- ৩। ব্যাপক প্রচারনার মাধ্যমে প্রতিষ্ঠানের সেবা সম্পর্কে আরএমজি সেক্টরে কর্মরত শ্রমিকদের অবহিত করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের সকল অঞ্চল ও স্তরের কর্মরত তৈরী পোশাক কারখানার শ্রমিক ও শ্রমিকের পরিবারের আর্থ সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সর্বোচ্চ সংখ্যক প্রতিষ্ঠানকে কেন্দ্রীয় তহবিলে মোট রপ্তানীমূল্যের ০.০৩% প্রদান নিশ্চিত করে সকল অঞ্চল ও স্তরের রপ্তানীমুখী প্রাতিষ্ঠানিক শ্রমিক ও শ্রমিকের পরিবারকে কেন্দ্রীয় তহবিল –এর সেবার আওতায় আনা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. আর্থিক সহায়তা প্রাপ্ত মৃত শ্রমিকের পরিবার।
২. সন্তানের শিক্ষার জন্য আর্থিক সহায়তা প্রাপ্ত শ্রমিক।
৩. চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রাপ্ত শ্রমিক।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে অথবা পেশাগত রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে অথবা পরবর্তীতে মৃত্যু ঘটলে অথবা কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত কারণে অথবা পেশাগত রোগে আক্রান্ত হয়ে স্থায়ী অক্ষমতা ঘটলে সংশ্লিষ্ট সুবিধাভোগী বা তাহার উপযুক্ত উত্তরাধিকারী ও পোষ্যকে দুই লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান।
২. কোন সুবিধাভোগী চাকরিরত অবস্থায় অসুস্থ হয়ে বা কর্মক্ষেত্রের বাহিরে কোন দুর্ঘটনয় মৃত্যুবরণ অথবা স্থায়ীভাবে অক্ষম হয়ে গেলে তিনি বা তাহার উপযুক্ত উত্তরাধিকারকে সর্বোচ্চ দুই লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান।
৩. কোন সুবিধাভোগী কর্মকালীন দুর্ঘটনার পতিত হয়ে তাহার কোন অঙ্গাহানি ঘটলে যা স্থায়ী অক্ষমতার কারণ নয় তাহলে তাকে অনধিক এক লক্ষ টাকা অনুদান প্রদান।
৪. কোন শ্রমিকের মেধাবী সন্তানের শিক্ষার ক্ষেত্রে (এসএসসিতে জিপিএ -৪.৫ বা তদূর্ধ্ব প্রাপ্ত) ২০,০০০/- (বিশ হাজার) টাকা শিক্ষা বৃত্তি প্রদান।
৫. শতভাগ রপ্তানীমুখী গার্মেন্টস খাতে কর্মরত মহিলা শ্রমিকের মাতৃত্ব কল্যাণে অনধিক ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রাপ্ত শ্রমিক/শ্রমিকের পরিবারের জীবনমান উন্নয়ন। | অনুদান প্রাপ্ত শ্রমিক/ শ্রমিকের পরিবারের সদস্যগণ | সংখ্যা | ১৯০৫ | ১৯২৭ | ২০০০ | ২১৭৫ | ২২৭৫ | কেন্দ্রীয় তহবিল শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] আর্থিক সহায়তা প্রাপ্ত মৃত শ্রমিকের পরিবার। | ২৫ | [১.১] মৃত শ্রমিকের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | [১.১.১] কেন্দ্রীয় তহবিল হতে মৃত শ্রমিকদের পরিবারকে আর্থিক সহায়তার চেক প্রদান | সমষ্টি | সংখ্যা | ২৫ | ১০৭৬ | ৯৩০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ৭৫০ | ১০০০ | ১০৫০ |
| [২] সন্তানের শিক্ষার জন্য আর্থিক সহায়তা প্রাপ্ত শ্রমিক। | ২৫ | [২.১] শ্রমিকের সন্তানদের শিক্ষা সহায়তা প্রদান | [২.১.১] কেন্দ্রীয় তহবিল-এ আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে শ্রমিকের মেধাবী সন্তানদের আর্থিক সহায়তার চেক প্রদান | সমষ্টি | সংখ্যা | ২৫ | ৩৩৬ | ২১৮ | ২৫০ | ২০০ | ১৫০ | ১০০ | ৫০ | ৩০০ | ৩৫০ |
| [৩] চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রাপ্ত শ্রমিক। | ২০ | [৩.১] চিকিৎসার জন্য শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] কেন্দ্রীয় তহবিল-এ চিকিৎসার লক্ষ্যে আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে আর্থিক সহায়তার চেক প্রদান | সমষ্টি | সংখ্যা | ২০ | ৪৮৮ | ১৬৫৯ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৮৫০ | ৯০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.............................................................. ..............................................................

মহাপরিচালক
কেন্দ্রীয় তহবিল

তারিখ

.............................................................. ..............................................................

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরএমজি (RMG) | রেডিমেড গার্মেন্টস (Ready Made Garments) |
| ২ | বিকেএমইএ (BKMEA) | বাংলাদেশ নীটওয়্যার্স ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার্স এসোসিয়েশন (Bangladesh Knitwear Manufacturer Exports Association) |
| ৩ | বিজিএমইএ (BGMEA) | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার্স এসোসিয়েশন (Bangladesh Garments Manufacturer Exports Association) |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মৃত শ্রমিকের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | [১.১.১] কেন্দ্রীয় তহবিল হতে মৃত শ্রমিকদের পরিবারকে আর্থিক সহায়তার চেক প্রদান | বীমা শাখা, কেন্দ্রীয় তহবিল | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের সংখ্যা এবং প্রদত্ত অনুদানের পরিমানসহ স্বাক্ষরিত বিবরণী এবং সংশ্লিষ্ঠ সভার কার্যবিবরণী। |
| [২.১] শ্রমিকের সন্তানদের শিক্ষা সহায়তা প্রদান | [২.১.১] কেন্দ্রীয় তহবিল-এ আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে শ্রমিকের মেধাবী সন্তানদের আর্থিক সহায়তার চেক প্রদান | সমন্বয় শাখা, কেন্দ্রীয় তহবিল | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের সংখ্যা এবং প্রদত্ত অনুদানের পরিমানসহ স্বাক্ষরিত বিবরণী এবং সংশ্লিষ্ঠ সভার কার্যবিবরণী। |
| [৩.১] চিকিৎসার জন্য শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] কেন্দ্রীয় তহবিল-এ চিকিৎসার লক্ষ্যে আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে আর্থিক সহায়তার চেক প্রদান | বীমা শাখা, কেন্দ্রীয় তহবিল | অনুদানপ্রাপ্ত শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের সংখ্যা এবং প্রদত্ত অনুদানের পরিমানসহ স্বাক্ষরিত বিবরণী এবং সংশ্লিষ্ঠ সভার কার্যবিবরণী। |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| চিকিৎসার জন্য শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল-এ চিকিৎসার লক্ষ্যে আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে আর্থিক সহায়তার চেক প্রদান | বিজিএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |
| শ্রমিকের সন্তানদের শিক্ষা সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল-এ আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে শ্রমিকের মেধাবী সন্তানদের আর্থিক সহায়তার চেক প্রদান | বিজিএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |
| মৃত শ্রমিকের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল হতে মৃত শ্রমিকদের পরিবারকে আর্থিক সহায়তার চেক প্রদান | বিজিএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |
| চিকিৎসার জন্য শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল-এ চিকিৎসার লক্ষ্যে আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে আর্থিক সহায়তার চেক প্রদান | বিকেএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |
| শ্রমিকের সন্তানদের শিক্ষা সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল-এ আর্থিক সহায়তার জন্য আবেদনকারী ব্যক্তিবর্গের আবেদন সমূহ যাছাইবাছাই করে শ্রমিকের মেধাবী সন্তানদের আর্থিক সহায়তার চেক প্রদান | বিকেএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |
| মৃত শ্রমিকের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান | কেন্দ্রীয় তহবিল হতে মৃত শ্রমিকদের পরিবারকে আর্থিক সহায়তার চেক প্রদান | বিকেএমইএ | ত্রিপক্ষীয় সভা, পত্র ও টেলিফোন যোগাযোগ |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ